**পল্লী সঞ্চয় ব্যাংকের ২০২২-২০২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : দীপংকর রায়, মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
সভার তারিখ : ০১/১১/২০২২ খ্রি., রোজ- মঙ্গলবার
সময় : বেলা ০৩:০০ ঘটিকা
সভার স্থান : ব্যাংকের প্রধান কার্যালয়ের বোর্ড রুম, ইস্কাটন গার্ডেন, ঢাকা।

**(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট-ক)**

সভাপতি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্য শুরু করেন। সভায় পল্লী সঞ্চয় ব্যাংকের ২০২২-২০২৩ অর্থ বছরের সিটিজেনস চার্টার সমন্ধে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ ব্যাংক ও মন্ত্রি পরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বিস্তারিত আলোচনা-পর্যালোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | ২০২২-২০২৩ অর্থ বছরের সিটিজেন্স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা | পল্লী সঞ্চয় ব্যাংকের ২০২২-২০২৩ অর্থ বছরের সিটিজেন্স চার্টার বাস্তবায়ন কর্মপরিকল্পনা সম্পর্কে কমিটির সভাপতি মহোদয় জানতে চাইলে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, ইতোমধ্যে ব্যাংকের সিটিজেনস্ চার্টার বাস্তবায়নের জন্য কমিটি গঠন করা হয়েছে। চলতি অর্থ বছরের সিটিজেন্স চার্টার ১ম ত্রৈ-মাসিক হালনাগাদ করা হয়েছে। হালনাগাদকৃত তথ্য সভায় উপস্থাপন করার পর সে অনুযায়ী নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা বাস্তবায়নসহ, সেবা প্রত্যাশীগণের করণীয় বিষয় সংযোজন করে আপডেট করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | পল্লী সঞ্চয় ব্যাংকের ২০২২-২০২৩ অর্থ বছরের সিটিজেন্স চার্টার আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী প্রস্তুত করে প্রয়োজনীয় হালনাগাদ করা সহ সংশ্লিষ্ট কাজ সম্পন্ন করতে হবে। |
| ০২ | সিটিজেন্স চার্টার সমন্ধে ত্রৈমাসিক রিপোর্ট আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ। | সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব ও সহকারী প্রোগ্রামার বলেন, সিটিজেন্স চার্টার সংক্রান্ত ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম ত্রৈ-মাসিক রিপোর্ট আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে ও ব্যাংকের ওয়েবসাইটেও তা প্রকাশ করা হয়েছে। সিটিজেন্স চার্টার সমন্ধে নিয়মিত ত্রৈ-মাসিক রিপোর্ট আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ এবং ব্যাংকের ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবা বক্সে প্রকাশ করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | নিয়মিত ত্রৈ-মাসিক ভিত্তিতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে সিটিজেন্স চার্টার সংক্রান্ত ২০২২-২০২৩ অর্থ বছরের ত্রৈ-মাসিক রিপোর্ট প্রেরণ করা এবং ব্যাংকের ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবা বক্সে তা প্রকাশ করতে হবে। |
| ০৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন | সংশ্লিষ্ট কমিটির সদস্য ও উপ-পরামর্শক (আইটি প্রোগ্রাম) বলেন, সিটিজেন্স চার্টার বাস্তবায়ন বিষয়ে সচেতন করার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংক ও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। প্রত্যেক কোয়ার্টারে প্রশিক্ষণ আয়োজনের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন বিষয়ে সচেতন করার লক্ষ্যে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদেরকে ত্রৈ-মাসিক ভিত্তিতে প্রশিক্ষণ প্রদান করতে হবে। |

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৪ | স্টেকহোল্ডারগণের নিয়ে সভা আয়োজন | সংশ্লিষ্ট কমিটির সদস্য ও সিনিয়র অফিসার (ঋণ বিভাগ) বলেন, সিটিজেন্স চার্টার সমন্ধে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী স্টেকহোল্ডারগণের সমন্বয়ে বছরে ২টি অবহিতকরণ সভা আয়োজন করা প্রয়োজন। | সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে বছরে ২টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। |
| ০৫ | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত তথ্য ব্যাংকের ওয়েব সাইটের সংশ্লিষ্ট সেবা বক্সে প্রকাশ করা। | সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব ও সহকারী প্রোগ্রামার বলেন, মন্ত্রি পরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইটের সেবা বক্স ইতোমধ্যে সংযোজন করে হালনাগাদকৃত তথ্য প্রকাশ করা হয়েছে এবং পরবর্তীতেও প্রয়োজন অনুযায়ী আপডেট করতে হবে। ওয়েবসাইটের সিটিজেন্স চার্টার সংক্রান্ত সেবা বক্স আপডেট রাখার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ব্যাংকের ওয়েবসাইটের সিটিজেন্স চার্টার সংক্রান্ত সেবা বক্স প্রয়োজন অনুযায়ী আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৬ | সিটিজেন্স চার্টার সংক্রান্ত তথ্য ব্যাংকের প্রধান কার্যালয় ও জেলা কার্যালয় ও শাখা অফিসের দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ। | সংশ্লিষ্ট কমিটির বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী ত্রৈ-মাসিক ভিত্তিতে হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার ব্যাংকের প্রধান কার্যালয় ও প্রতিটি শাখায় দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | ত্রৈ-মাসিক ভিত্তিতে হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার ব্যাংকের প্রধান কার্যালয়, জেলা ও শাখা অফিসের এরূপ দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে যাতে সহজে সকলের দৃষ্টিগোচর হয়। এ বিষয়ে মাঠ পর্যায়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা যেতে পারে। |
| ০৭ | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা'র তথ্য ওয়েবসাইটে প্রকাশ। | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা'র নাম, ফোন নাম্বার ও ইমেইল আইডি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা'র নাম, ফোন নাম্বার ও ইমেইল আইডি ব্যাংকের ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবা বক্সে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৮ | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন এবং পরিবীক্ষণ টীমকে সহযোগিতা প্রদান। | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন ও পরিবীক্ষণ টীমকে তথ্য প্রদানসহ সংশ্লিষ্ট বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত কাজে সংশ্লিষ্ট টীমকে প্রয়োজন অনুসারে সহযোগিতা প্রদান করতে হবে। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( দীপংকর রায় )
মহাব্যবস্থাপক
সভাপতি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
ফোন: ০২-৫৫১৩৮৫৬৩

স্মারক নং- পসব্য/প্রকা/আইটি-৩৬/২০২২-২০২৩/৪৮৯৬(ক)

তারিখঃ ০৩-১১-২০২২ খ্রি.

**<u>সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):</u>**

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. কমিটির সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।
৪. জনাব ........................................।
৫. অফিস কপি।

পরিশিষ্ট- 'ক'

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# পল্লী সঞ্চয় ব্যাংক
## প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল: ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

মুজিব বর্ষ MUJIB 100

**পল্লী সঞ্চয় ব্যাংকের ২০২২-২০২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ ও বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভার উপস্থিতিঃ**

স্থানঃ ব্যাংকের বোর্ড রুম, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা; তারিখঃ ০১/১১/২০২২ খ্রি. সময়ঃ বেলা ০৩:০০ ঘটিকা

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে অবস্থান ও কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | দীপংকর রায়<br>মহাব্যবস্থাপক | সভাপতি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>প্রধান কার্যালয়, ঢাকা। | ০১৭১১৪৬৮৫১৯ | |
| ২. | ইলিয়াস মোহাম্মদ মাসুম বিল্লাহ<br>উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>প্রধান কার্যালয়, ঢাকা। | ০১৭৩৬৪৪৪১৩৪ | |
| ৩. | মুঃ সাইমুম রহমান<br>উপ-পরামর্শক (আইটি প্রোগ্রাম) | সদস্য<br>প্রধান কার্যালয়, ঢাকা। | ০১৯৩৮৭৮৯৬১ | |
| ৪. | মোঃ তানভীর হাসান মজুমদার<br>সিনিয়র অফিসার | সদস্য<br>প্রধান কার্যালয়, ঢাকা। | ০১৯৫৮৬০১৫৩৪ | |
| ৫. | মোঃ সাইফুল ইসলাম খান<br>সহকারী প্রোগ্রামার | সদস্য সচিব<br>প্রধান কার্যালয়, ঢাকা। | ০১৯৩৮৭৯০১১ | |

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল: ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

স্মারক নং- পসব্য/প্রকা/আইটি-৩৬/২০২২-২০২৩/৪৭৩৮ তারিখঃ ৩০-১০-২০২২ খ্রি.

## সভার নোটিশ

পল্লী সঞ্চয় ব্যাংকের ২০২২-২০২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ ও বাস্তবায়ন সংক্রান্ত কমিটির এক সভা জনাব দীপংকর রায়, মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে আগামী ০১/১১/২০২২ তারিখ মঙ্গলবার বেলা ০৩:০০ ঘটিকায় ব্যাংকের বোর্ড রুমে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় কমিটির সম্মানিত সদস্যগণ-কে যথাসময়ে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য বিষয়ঃ**

১. ২০২২-২০২৩ অর্থ বছরের সিটিজেন্স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা এবং ত্রৈমাসিক রিপোর্ট আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ প্রসঙ্গে।
২. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ, কর্মশালা এবং স্টেকহোল্ডারদের নিয়ে সভা আয়োজন সংক্রান্ত।
৩. সিটিজেন্স চার্টার সংক্রান্ত তথ্যাদি ওয়েবসাইটে হালনাগাদকরণ সংক্রান্ত।
৪. বিবিধ।

৩০-১০-২০২২
( মোঃ সাইফুল ইসলাম খান )
সহকারী প্রোগ্রামার
ও
সদস্য সচিব

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. কমিটির সংশ্লিষ্ট সদস্যবৃন্দ।
৪. অফিস নথি।